যায়যায়দিন

তারিখ 03 MAY 2007
পৃষ্ঠা ২২ কলাম ৭

# আইন উপদেষ্টার মন্তব্য উদ্দেশ্য প্রণোদিত : ছাত্র সংগ্রাম পরিষদ

ছাত্র রাজনীতি নিয়ে আইন উপদেষ্টার মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে ছাত্র সংগ্রাম পরিষদ। গতকাল বুধবার এক বিবৃতিতে তারা জানায়, গত কয়েক দিন ধরে আইন উপদেষ্টার ছাত্র রাজনীতি সম্পর্কে বক্তব্য পরস্পরবিরোধী ও অগ্রহণযোগ্য।

আইন উপদেষ্টা ছাত্র রাজনীতির ইতিবাচক দিকগুলো বিবেচনায় না এনে ঢালাওভাবে মন্তব্য করেছেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

ছাত্র সংগ্রাম পরিষদের সমন্বয়ক বাংলাদেশ ছাত্রলীগ (রি-রো) সভাপতি মাহমুদ হাসান রিপন, ছাত্রমৈত্রীর সভাপতি রফিকুল ইসলাম সৃজন, ছাত্র আন্দোলনের সভাপতি কনক বড়ুয়া প্রমুখ বিবৃতিতে আরো বলেন, বাংলাদেশের ইতিহাস ও ছাত্রদের সংগ্রামী ঐতিহ্য এক ও অভিন্ন। আইন করে ছাত্রদের পৃ ২১ ক ৬

## আইন উপদেষ্টার

(শেষ পৃষ্ঠার পর)

রাজনৈতিক অধিকার শৃঙ্খলিত করা যাবে না।

তারা বলেন, ছাত্র রাজনীতিকে শৃঙ্খলিত করার যে কোনো উদ্যোগ হচ্ছে জাতিকে নেতৃত্বশূন্য করার চক্রান্ত। একটি মহল ছাত্র সমাজ ও অগণতান্ত্রিক আন্দোলনকে ভয় পায় এবং তারাই ছাত্র রাজনীতি নিয়ে বিরূপ মন্তব্য করে। সামরিক স্বৈরাচাররা অর্থ ও অস্ত্র দিয়ে ছাত্রদের সংগ্রামী ধারায় যে কালিমা লেপন করেছে তা গণতন্ত্র, আদর্শবাদ ও নৈতিকতার চর্চার মাধ্যমে দূর করতে হবে। বিজ্ঞপ্তি।